দৈনিক সংবাদ

তারিখ 07 FEB 1989
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭

৫

৩০

# কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সেমিনার অনুষ্ঠিত

পটিয়া, ৫ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা) ।—বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, চট্টগ্রাম জেলা শাখার উদ্যোগে এক শিক্ষা সেমিনার গত ৩০শে জানুয়ারী বোয়ালখালী সিরাজুল ইসলাম কলেজে অধ্যক্ষ জমীরুদ্দীন খায়দার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক আলী ইমদাদ খান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক আজাদী সম্পাদক অধ্যাপক মোহাম্মদ খালেদ।

বাংলাদেশের বর্তমান শিক্ষা ব্যবস্থা ও নৈতিক সংকট বিষয়ে সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রভাষক ডঃ মমতাজ উদ্দীন পাটোয়ারী। উক্ত প্রবন্ধের উপর আলোচনায় অংশ নেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি শাহ নুরুল আলম আমিরী, অধ্যাপক শফিউল আলম, অধ্যক্ষ এম. এ বারী ও অধ্যাপক কানাই দাশ প্রমুখ।